

# রোকেয়া হলে ছাত্রী নির্যাতন, ছাত্রলীগের তদন্ত কমিটি গঠন

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ২৫ জুলাই ২০২৩



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রোকেয়া হলের এক শিক্ষার্থীকে রুম থেকে  
বের করে দেওয়া ও নির্যাতনের অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কমিটি গঠন  
করেছে বাংলাদেশ ছাত্রলীগ।

সোমবার (২৪ জুলাই) রাতে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ  
তথ্য জানানো হয়েছে। রোববার রোকেয়া হলের ৭ মার্চ ভবনের ১১২১ নম্বর  
রুমে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী ওই শিক্ষার্থীর নাম রূপা। বর্তমানে ওই শিক্ষার্থী তাবির শহীদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোস্তফা মেডিকেল সেন্টারে চিকিৎসাধীন অবস্থায় আছেন।

তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটির সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ ছাত্রলীগের জরুরি সিদ্ধান্ত মোতাবেক জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলে ঘটে যাওয়া অনাকাঙ্ক্ষিত ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের উদ্দেশ্যে নিম্নে উল্লেখিত তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হলো। তদন্ত কমিটিকে দ্রুততম সময়ের মধ্যে তদন্ত রিপোর্ট ২৩, বঙ্গবন্ধু এভিনিউতে দপ্তর সেলে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

তদন্ত কমিটির তিন সদস্য হলেন, বাংলাদেশ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আতিকা বিনতে হোসেন, উপ-শিক্ষা ও পাঠচক্র সম্পাদক অন্তরা দাস পৃথা এবং উপসামাজিক যোগাযোগমাধ্যমবিষয়ক সম্পাদক ফাল্টুনী দাস তঞ্চী।

এদিকে জানা যায়, ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের সাংগঠনিক সম্পাদক ও হল শাখা ছাত্রলীগের সভাপতি আতিকা বিনতে হোসাইনের নির্দেশে তার কতিপয় অনুসারী রূপাকে রূম থেকে নেমে যেতে বলে। এ সময় রূপা অঙ্গীকৃতি জানালে তাকে শারীরিক ও মানসিক নির্যাতন করা হয়। এতে রূপা অসুস্থ হয়ে পড়ে। তখন হাসপাতালে যেতে চাইলে তাকে হল প্রশাসন থেকে বাধা দেওয়া হয়।